



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দণ্ড

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৪.১২.২০২২

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে সাংস্কৃতিক সম্মান ও বিজয় উৎসব উদ্বোধন

(০৪.১২.২০২২): বর্ণিল শোভাযাত্রার মধ্য দিয়ে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ রবিবার বাংলা বিভাগের আয়োজনে ‘সাংস্কৃতিক সম্মান ও বিজয় উৎসব’ শুরু হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন-এর নেতৃত্বে এ উপলক্ষে সকাল দশটায় আনন্দ শোভাযাত্রা বের করা হয়। এ সময় বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, অন্যান্য বিভাগের শিক্ষক এবং কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন।



মূল অনুষ্ঠান শুরু হয় বিশ্ববিদ্যালয়ের বন্দে আলী মিয়া মুক্তমঞ্চে। এতে প্রধান অতিথি ছিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন, বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহু উদ্দীন।

বিভাগের চেয়ারম্যান ড. মীর হুমায়ুন কবীর-এর সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হাবিবুল্লাহ, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক দিলীপ কুমার সরকার, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. কামরুজ্জামান, সম্মানব্যাপী অনুষ্ঠান উদযাপন কমিটির আহবায়ক ও বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আব্দুল আলীম, প্রেস্টের মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. সমীরণ কুমার সাহা এবং বিভাগের সকল শিক্ষক-শিক্ষার্থীসহ অনেকে অংশগ্রহণ করেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন অনুষ্ঠানে বলেন, প্রতিটি ক্ষেত্রে আমাদের বিজয় অর্জিত হয়েছে। এই বিজয়কে ধারণ করে এগিয়ে যেতে হবে। স্বাধীনভাবে আমাদের ভালো চিন্তা করা, শেখা এবং এই ভালো চিন্তাই ব্যক্তিকে ভালো পথে ধাবিত করবে। তিনি বলেন, ভাষা এবং স্বাধীনতা একে অপরের পরিপূরক। এই ভাষা ব্যবহার করে আমরা স্বাধীনভাবে কোনোকিছি সম্পর্কে জানা এবং নিজের ভাব প্রকাশ করতে পারি।

সন্তানব্যাপী অনুষ্ঠানে গান, নাচ, অভিনয়, আবৃত্তি, রচনা প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা এবং সুন্দর হস্তাক্ষর প্রতিযোগিতা এই সাতটি ইভেন্টে পরিচালিত হবে। উৎসব চলবে ১০ ডিসেম্বর পর্যন্ত।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বিভাগের শিক্ষক মো. নূরুল্লাহী ও মোছা. আরিফা বিশ্বাস।

বার্তা প্রেরক

মো.বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়